# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 21.04.24** **Time: 07.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের বাকি পর্বগুলির আগে নির্বাচন কমিশন, আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় আরও কঠোর নজরদারির সিদ্ধান্ত নিয়েছে।

২) কমিশন, দ্বিতীয় ও তৃতীয় দফার ভোটে প্রথম দফার চেয়ে বেশি সংখ্যক কেন্দ্রীয় বাহিনী থাকবে বলে জানিয়েছে।

৩) দ্বিতীয় পর্বের ভোটগ্রহণের আগে আজ শেষ রবিবার জমজমাট প্রচার শুরু।

রাজ্যে আসছেন বিজেপি নেতা অমিত শাহ, রাজনাথ সিং। সভা করবেন তৃণমূল নেত্রী মমতা ব্যানর্জীও।

৪) বিমা নিয়ন্ত্রক সংস্থা আইআরডিএআই স্বাস্থ্য বিমা ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা শিথিল করেছে।

৫) দক্ষিণবঙ্গে বিভিন্ন জেলায় তীব্র তাপপ্রবাহের সতর্কতা।

৬) ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু বিকেল সাড়ে তিনটেয়।

---

নির্বাচন প্রক্রিয়াকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন সবধরনের প্রস্তুতি নিয়েছে। নির্বাচনের সময় ভিন রাজ্যের দুষ্কৃতিরা এরাজ্যে ঢুকে যাতে গোলমাল পাকাতে না পারে সেজন্য সচেষ্ট কমিশন। আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় নজরদারি জোরদার করা হয়েছে। কমিশনের নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক অজয় আনন্দ গতকাল বাংলা ঝাড়খন্ড সীমান্তে পশ্চিম বর্ধমানের ডুবুডিহি চেকপোষ্টে নাকা তল্লাশি পর্যবেক্ষন করেন। কথা বলেন, সেখানকার দায়িত্ব প্রাপ্ত আধিকারিকদের সাথে।

এদিকে, বাঁকুড়ার খাতড়ায় নির্বাচনে প্রশিক্ষণরত কর্মীদের মেয়াদ উত্তীর্ণ ও পচা খাবার দেওয়ার অভিযোগে গতকাল তুমুল উত্তেজনা ছড়ায়। খাতড়া কংসাবতী শিশু বিদ্যালয়ে ভোটকর্মীরা খাবার ফেলে দিয়ে বিক্ষোভ দেখান। জেলা প্রশাসন অবশ্য অভিযোগ স্বীকার করে নিয়েছেন।

-------------------

প্রথম দফার নির্বাচনে বিক্ষিপ্ত হিংসার ঘটনা থেকে শিক্ষা নিয়ে লোকসভা নির্বাচনের দ্বিতীয় ও তৃতীয় দফায় রাজ্যে আরও বেশি সংখ্যক কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হচ্ছে। নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রথম দফার ভোটে ২৭৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছিল। দ্বিতীয় দফার ভোটে থাকবে ২৯৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। তৃতীয় দফার ভোটে আরো বেশি ৪০২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে।

-------------------

দ্বিতীয় পর্বের ভোটগ্রহণের আগে আজ রবিবার জমজমাট প্রচারে নামছে রাজনৈতিক দলগুলি। প্রচণ্ড গরমের কথা মাথায় রেখে সকাল সকাল পদযাত্রা ও জনসংযোগ কর্মসূচি সেরে ফেলার পরিকল্পনা নেওয়া হয়েছে।

বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্টমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে ভোট প্রচারে আসছেন। দার্জিলিং-এ তাঁর একটি জনসভা করার কথা।

অন্যদিকে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংও আজ রাজ্যে ভোট প্রচারে অংশ নেবেন। মুর্শিদাবাদ, মালদা উত্তর ও দার্জিলিং লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে তাঁর জনসভা করার কথা। মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীর সমর্থনে শ্রী সিং আজ সকাল ৯ টায় জলঙ্গীর নরসিংহপুরে সভা করবেন বলে জানা গেছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বালুরঘাটে ভোট প্রচারে অংশ নেবেন। সেখানে তাঁর পরপর দুটি জনসভা করার কর্মসূচি রয়েছে।

তৃণমূল কংগ্রেস নেতা তথা রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম আজ মুর্শিদাবাদের লালাগোলায় বিরামপুর হাইস্কুল মাঠে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন।

উল্লেখ্য, দ্বিতীয় দফায় আগামী ২৬ শে এপ্রিল দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট এবং ৭ই মে তৃতীয় দফায় মালদা উত্তর ও দক্ষিণ, জঙ্গিপুর এবং মুর্শিদাবাদ আসনে ভোটগ্রহণ করা হবে।

গতকাল ভোট প্রচারে মুখ্যমন্ত্রী মালদা উত্তর ও দক্ষিণে জনসভায় যোগ দেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও গতকাল মালদার দুটি কেন্দ্রে প্রচার করেন।

--------------------

মালদায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সভা থেকে ফেরার পথে বিজেপি কর্মী সমর্থকদের উপর দুষ্কৃতীরা হামলা চালায় বলে অভিযোগ। গুরুতর জখম হন

উত্তর মালদহের যুব মোর্চার জেলা সম্পাদক শুভম স্বর্নকার সহ আরো চারজন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে তড়িঘড়ি আড়াই ঢাকা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। মালদার রতুয়া থানার বাহারাল বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায় ঘটনাটি ঘটেছে। জানা গিয়েছে, এদিন উত্তর মালদার বিজেপির প্রার্থী খগেন মুর্মুর সমর্থনে রতুয়ায় একটি জনসভার আয়োজন করা হয়েছিল। সেই সভা শেষ করে বাড়ি ফেরার পথে বিজেপি কর্মীরা আক্রান্ত হন বলে অভিযোগ। অভিযোগটি সম্পূর্ণ ভিত্তিহীন বলে দাবি মালদা জেলার তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক মেহবুব আলম সরকার।

-------------------

নির্বাচনী প্রচারে বেরিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুরের সাংসদ অধীর চৌধুরী গতকাল ফের বিক্ষোভের মুখে পড়েন। মুর্শিদাবাদের নওদায় অধীর বাবুর রোড শোর গাড়ি আটকে এলাকায় উন্নয়নের হিসেব চান তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় নওদার দমদমা দৌলতপুর এলাকায়। প্রচারে বারবার বাধাদানের অভিযোগ তুলে কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে বলে জানা গেছে।

এদিকে, মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী গৌরি শঙ্কর ঘোষকেও কালো পতাকা দেখিয়ে গো ব্যাক স্লোগান দেবার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। মুহুর্তের মধ্যে অশান্ত হয়ে ওঠে এলাকা। পরে জলঙ্গি থানার পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। জলঙ্গী বিধানসভায় বিজেপির ফলাফল ভালো হবে বুঝতে পেরেই শাসক দল বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। যদিও তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ অস্বীকার করা হয়েছে।

-------------------

লোকসভা নির্বাচনের আবহে বিজেপি বিরোধী ইন্ডিজোট আজ আরো এক দফা বৈঠকে বসতে চলেছে। ঝাড়খন্ড মুক্তি মোর্চার উদ্যোগে রাঁচিতে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য তৃণমূল কংগ্রেস সহ সব বিরোধীদলের নেতাদের আমন্ত্রণ জানানো হয়েছে। দলের শীর্ষ নেতৃত্ব নির্বাচনের প্রচারে ব্যস্ত থাকায় তৃণমূল কংগ্রেসের তরফে বিধায়ক বিবেক গুপ্তা প্রতিনিধিত্ব করবেন বলে দলের তরফে জানা গিয়েছে।

-------------------

বিমা নিয়ন্ত্রক সংস্থা - আইআরডিএআই স্বাস্থ্য বিমা ক্ষেত্রে বয়সসীমা নীতি শিথিল করার সিদ্ধান্ত ঘোষণা করেছে। চলতি নিয়ম অনুযায়ী, ৬৫ বছর বা তার উর্ধ্বে কোনো ব্যক্তি নতুন করে স্বাস্থ্য বিমা অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পেতেন না। কিন্তু গত পয়লা এপ্রিল থেকে চালু হওয়া নতুন নিয়ম অনুযায়ী, ৬৫ বছর বা তার চেয়ে বেশি বয়সসীমার ব্যক্তিরাও নতুন স্বাস্থ্য বিমা করাতে পারবেন।

-------------------

পশ্চিম ও উত্তর পশ্চিম দিক থেকে বয়ে আসা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, এই সময় গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৭'ডিগ্রি ওপরে।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াসে ওঠে, যা স্বাভাবিকের চেয়ে ৫ ডিগ্রি বেশি। টানা অস্বাভাবিক গরমে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জনজীবন প্রায় বিপর্যস্ত। রাজ্যের সবচেয়ে বেশি তাপমাত্রা রেকর্ড করা হয় বর্ধমানের পানাগড়ে ৪৫ ডিগ্রি ১ ডিগ্রি সেলসিয়াস। বাঁকুড়া জেলায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ৪৪

দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছয়। তীব্র গরমে ক্ষেতের জমি ফেটে চৌচির। সাধারণ মানুষ থেকে শুরু করে গবাদি পশুরা নাজেহাল।

পুরুলিয়াতেও গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৪৩ ডিগ্রি ছাড়িয়ে গেছে। প্রচন্ড গরমে রাস্তাঘাট শুনশান।

দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলার বেশিরভাগ অংশে আরও কয়েকদিন তাপপ্রবাহ এবং কয়েকটি অঞ্চলে তীব্র তাপপ্রবাহের পূর্বাভাস রয়েছে। এজন্য আজ পর্যন্ত এই সব অঞ্চলে লাল সতর্কতা' জারি করা হয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তর থেকে প্রচারিত বার্তায় জানানো হয়েছে মালাদা, উত্তর ও দক্ষিণ দিনাজদপুর এবং হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গে আজ আদ্র ও গরম আবহাওয়া বজায় থাকবে। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি বেশি।

উত্তরবঙ্গের মালদা ও দুই দিনাজপুরে এই সময়ে অস্বস্তিকর ঘর্মাক্ত আবহাওয়া থাকবে। তবে, উত্তরবঙ্গের বাকি জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত গতকাল বলেন,

বাইট

--------------------

আচার্য তথা রাজ্যপাল সি ভি আনন্দ বোসের আমন্ত্রণে গতকাল ৫ জন অন্তর্বর্তীকালীন উপাচার্য প্রার্থী রাজভবনে গিয়ে বৈঠক করেন। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ৬ টি বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তীকালীন উপাচার্য পদপ্রার্থীকে, রাজ্য সরকারের দেওয়া তালিকা থেকে রাজ্যপালের বেছে নেওয়ার কথা। তিনি এদিন মোট ৮ জনকে আলোচনার জন্য ডেকেছিলেন। এঁদের মধ্যে তিনজন আসেননি। রাজভবন সূত্রে জানানো

হয়েছে, উপস্থিত ৫ জনের মধ্যে তিন জন জানিয়ে দেন, পছন্দ মত বিশ্ববিদ্যালয়ের জন্য তাঁদের নাম বিবেচনা করা হয়নি। বাকি দুজন জানান, তাঁরা নিযুক্ত হতে রাজি আছেন।

রাজ্য সরকারের দেওয়া তালিকা থেকে আরও কয়েকজনকে আগামীকাল ২২ শে এপ্রিল রাজ্যপাল আলোচনার জন্য ডেকেছেন।

এদিকে, উপাচার্য ও শিক্ষাবিদদের আলোচনার জন্য রাজভবনে ডেকে রাজ্যপাল তাঁদের অপমান করেছেন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অভিযোগ করেন। গতকাল এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, আলোচনার জন্য রাজভবনে ডেকেও রাজ্যপাল তাঁদের সঙ্গে দেখা করেন নি। উচ্চ পদস্থ আধিকারিকরা শিক্ষাবিদদের সঙ্গে বৈঠক করেন। যা অত্যন্ত অবমাননাকর।

উল্লেখ্য ৬ টি বিশ্ববিদ্যালয়ের জন্য রাজ্য সরকার ৩১ জনের নামের একটি তালিকা রাজভবনে পাঠিয়েছে।

-------------------

ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। কেকেআর ৬টি ম্যাচ খেলে  চারটিতে জিতে ৮ পয়েন্ট নিয়ে লিগতালিকার দ্বিতীয় স্থানে রয়েছে।

অন্যদিকে, আরসিবি ৭ টি ম্যাচ খেলে একটি জিতে ২ পয়েন্ট নিয়ে ১০ দলের তালিকায় সবশেষে রয়েছে।

------------------- -------------------